



স্মারক: (০০১) শে.হা.বি/প্রশাসন/২০২১/১০৫৪

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি**

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ এ ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীরা www.shu.edu.bd/admission লিংকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন করতে পারবেন।

১. **আবেদনের সময়সীমা:** ০৫ ডিসেম্বর ২০২১ খ্রি. সকাল ১০.০০টা থেকে ২০ ডিসেম্বর ২০২১ খ্রি. রাত ১১.৫৯টা পর্যন্ত।

২. **আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:**

ক) GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ২০১৭ বা ২০১৮ সালে এসএসসি/সমমান এবং ২০১৯ বা ২০২০ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

ইউনিট/অনুষদ	বিভাগ	আসন সংখ্যা	আবেদনের বিষয়ভিত্তিক ন্যূনতম যোগ্যতা
A ইউনিট (প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ)	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৩০ টি (GST-এর A ইউনিটের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত)	GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় A ইউনিটে অংশগ্রহণসহ এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।
B ইউনিট (মানবিক অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ)	বাংলা	A ইউনিট = ০৭ টি B ইউনিট = ২০ টি C ইউনিট = ০৩ টি মোট = ৩০ টি	ক) GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় A, B ও C ইউনিটে অংশগ্রহণকারীরা আবেদন করতে পারবে। খ) বাংলা বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় বাংলায় কমপক্ষে B গ্রেড থাকতে হবে।
	ইংরেজি	A ইউনিট = ০৭ টি B ইউনিট = ২০ টি C ইউনিট = ০৩ টি মোট = ৩০ টি	গ) ইংরেজি বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।
	অর্থনীতি	A ইউনিট = ১০ টি B ইউনিট = ১৫ টি C ইউনিট = ০৫ টি মোট = ৩০ টি	ঘ) অর্থনীতি বিভাগে ভর্তির জন্য এইচএসসি/সমমান পরীক্ষায় অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়সমূহের যেকোনো একটিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।

[বি. দ্র.]: বাংলা, ইংরেজি ও অর্থনীতি বিভাগে A ও C ইউনিটের জন্য বরাদ্দকৃত আসন সংখ্যা পূরণ না হলে B ইউনিটের পরীক্ষার্থী দ্বারা শূন্য আসনসমূহ পূরণ করা হবে।

৩. **আবেদন ফি:** প্রতি ইউনিট বা অনুষদের জন্য আবেদন ফি ৬০০.০০/- (ছয়শত টাকা) + সার্ভিস চার্জ প্রদান করতে হবে। মোবাইল ব্যাংকিং (রকেট)-এর মাধ্যমে আবেদন ফি জমা দেওয়া যাবে।

৪. **ভর্তির আবেদন প্রক্রিয়া:** www.shu.edu.bd/admission লিংকে গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। এখানে আবেদন ফরম পূরণ ও পরীক্ষা ফি প্রদানের সচিত্র নির্দেশনা পাওয়া যাবে।

৫. **কোটার আবেদনের শর্তাবলি:** কোটার আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় কোটা অপশন সিলেক্ট করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: ১) মুক্তিযোদ্ধা কোটা (FFQ) (মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান), ২) বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কোটা (DQ), ৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটা (EMQ), ৪) পোষ্য কোটা (WQ)।

৬. **মেধাক্রম তৈরির পদ্ধতি:** GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ইউনিট ভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। মেধাক্রম তৈরির বিস্তারিত পদ্ধতি ভর্তি নির্দেশিকায় বর্ণিত আছে।

বি. দ্র.: বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম/সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার সংরক্ষণ করে। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি www.shu.edu.bd/admission লিংকে পাওয়া যাবে।

হেল্পলাইন:

ফোন: ০২৯৯৭৭৩৫০০৮, মোবাইল: ০১৫৫০০৫৯৯৫০ (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত)

ই-মেইল: admission@shu.edu.bd

স্বাক্ষরিত

অধ্যাপক ড. সুরত কুমার আদিত্য
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা